গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

**বিষয়ঃ- পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মসিউর রহমান, অতিরিক্ত সচিব(আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ
স্থান: পটুয়াখালী মেডিকেল কলেজের সভাকক্ষ
তারিখ ও সময়: ১৮.১১.২০১৮খ্রি:, বিকাল ০৩.০০টা

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। পটুয়াখালীবাসীর দীর্ঘ দিনের প্রত্যাশা পূরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগে এ জেলায় একটি মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনের সিদ্ধান্তের জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রী ও সরকারকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। পরিচিতি পর্ব শেষে প্রকল্পের সার্বিক বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক, ডা: মো: আবদুর রহিম-কে অনুরোধ করেন।

২. প্রকল্প পরিচালক জানান, এ পর্যন্ত ২১.৩৭ একর জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। হাসপাতাল ক্যাম্পাসে "ইনমাস" (ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস) স্থাপনের গুরুত্ব ও প্রয়োজনীয়তার ব্যাপারে একমত পোষন করে তিনি উল্লেখ করেন, "ইনমাস" পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতালের সংলগ্নে স্থাপিত হলে মেডিকেল শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণ ও রোগীদের সেবা গ্রহণ সহজতর হবে। তবে পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতালের অধিগ্রহণকৃত ২১.৩৭ একর ভূমিতে নির্মাণাধীন ভবনগুলোর নির্মাণ শেষে "ইনমাস" স্থাপনের জন্য প্রয়োজনীয় এক একর জায়গার সংকুলান কঠিন এবং এতে হাসপাতালের প্রস্তাবিত পরিকল্পনা ব্যাহত হওয়ার আশংকা রয়েছে। তিনি প্রস্তাব করেন, প্রকল্প সংলগ্ন গণপূর্ত বিভাগের ১.৪১ একর জমিতে "ইনমাস" স্থাপন করা যেতে পারে এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পটুয়াখালী এ ব্যাপারে অনাপত্তিতে সম্মতি দিয়েছেন। প্রকল্প পরিচালক এ বিষয়ে অতিরিক্ত সচিব মহোদয়ের সার্বিক সহায়তা কামনা করেন।

৩. প্রকল্প পরিচালক আরও উল্লেখ করেন, ভূমি অধিগ্রহণের জন্য ডি,পি,পি নির্ধারিত টাকার তুলনায় জমির মূল্য বৃদ্ধি পাওয়ায় এবং ডি,পি,পিতে মেডিকেল যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে সিডি/ভ্যাট এর সংস্থান না থাকায় ডি,পি,পি রিভিশন প্রয়োজন।

৪. জনাব জেড়াল্ড অলিভার গুডা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পটুয়াখালী জানান, পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতালে ব্যবহৃত পানি শোধনের জন্য প্রকল্পের অধীনে ট্রিটমেন্ট প্ল্যান্টের সংস্থান রয়েছে। গণপূর্ত বিভাগের এ বিষয়ে কারিগরী দক্ষতা ও অভিজ্ঞতা না থাকায় বুয়েট হতে কনসালটেন্সি সার্ভিস গ্রহণের প্রয়োজন। কিন্তু এ জন্য কনসালটেন্সি সার্ভিস খাতে কোন বরাদ্দ না থাকায় ডিপিপি রিভিশন আবশ্যক। প্রকল্প বাস্তবায়ন কাজের শ্লথ গতির জন্য তিনি যথাসময়ে স্থাপত্য নকশা না পাওয়া এবং ঠিকাদারের বিল পরিশোধের ক্ষেত্রে iBAS++ সংক্রান্ত জটিলতার কথা উল্লেখ করেন।

৫. জনাব ডা: মাহমুদুর রহমান, অধ্যক্ষ, পটুয়াখালী মেডিকেল কলেজ জানান, কলেজে আবাসনের তীব্র সংকট, ছাত্রছাত্রীদের হোস্টেল সুবিধা সীমিত, থাকার সুবন্দোবস্ত এ জেলা শহরেও নেই। তিনি জরুরীভিত্তিতে ছাত্রছাত্রীদের হোস্টেল নির্মাণ কাজ শেষ করা সহ শিক্ষকদের আবাসিক ভবনের কাজ যথাসময়ে সম্পন্নের উপর গুরুত্বারোপ করেন।

৬. সভাপতি মহোদয় হাসপাতালের সি,সি,ইউ চালু করার ব্যাপারে তাগিদ দেন।তিনি মেডিকেল কলেজের অধ্যক্ষ মহোদয়কে সি,সি,ইউ বিল্ডিংয়ের একটি ফ্লোর প্রাথমিকভাবে ছেড়ে দেয়ার জন্য অনুরোধ করেন। এতে সি,সি,ইউ ছোট পরিসরে হলেও চালু করা সম্ভব হবে। হৃদরোগীদের চিকিৎসা সেবায় বিষয়টি গুরুত্বপূর্ণ।

৭. বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয়/সমস্যা | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | ডিপিপি রিভিশনের কাজ দ্রুত শুরু করতে হবে। | পিডি, নির্বাহী প্রকৌশলী, পিএমআর, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ২. | "ইনমাস" (ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস) প্রকল্প সংলগ্ন গণপূর্ত বিভাগের ১.৪১ একর জমিতে স্থাপন করা যেতে পারে। | পিডি ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পটুয়াখালী |
| ৩. | ছাত্রছাত্রীদের হোস্টেলসহ শিক্ষকদের আবাসিক ভবনের কাজ দ্রুত সম্পন্ন করা। | পিডি ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পটুয়াখালী |
| ৪. | হৃদরোগীদের চিকিৎসার্থে সিসিইউ বিল্ডিংয়ের একটি ফ্লোর প্রাথমিকভাবে ছেড়ে দেয়ার উদ্যোগ গ্রহণ। | অধ্যক্ষ, পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা/-
০৫.১২.২০১৮খ্রি:
মসিউর রহমান
অতিরিক্ত সচিব(আ:ব্য:অ:)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৭২.৯৯.০০১.২০১৬-২৭২/১(১৪) তারিখঃ ০৫.১২.২০১৮খ্রি:

<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অধ্যক্ষ, পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।
৩। পরিচালক (প্ল্যানিং, মনিটরিং এন্ড রিসার্চ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

-অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-

৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পটুয়াখালী।

৫। প্রকল্প পরিচালক, পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন প্রকল্প, পটুয়াখালী।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।

২। জেলা প্রশাসক , পটুয়াখালী।

৩। সিভিল সার্জন, পটুয়াখালী।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।

৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৭। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৫.১২.২০১৮

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন-৯৫৪৯৫৫৩